

Withdraw

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ঔষধ প্রশাসন অধিদপ্তর  
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২  
[www.dgda.gov.bd](http://www.dgda.gov.bd)  
একই স্মারক ও তারিখ দ্বারা প্রতিস্থাপিত

স্মারক নং-ডিজিডিএ/এপটি-নোটিশ-০১/২০১৭/১৮৮৯০

তারিখ: ১৯/০৮/২০১৮

প্রতি  
মেসার্স পপুলার ফার্মাসিউটিক্যালস লিঃ  
১৬৪, টঙ্গী শিল্প এলাকা,  
টঙ্গী, গাজীপুর।

বিষয়: Rabivax Injection প্রত্যাহার প্রসঙ্গে।


China Food and Drug Administration (CFDA), Changchun Changsheng Life Science, China নামীয় প্রতিষ্ঠানটি কর্তৃক Freeze-dried human rabies vaccines উৎপাদনকালে নিম্নবর্ণিত কারণে প্রতিষ্ঠানটির GMP সনদ বাতিল করেছে ও প্রতিষ্ঠানটি কর্তৃক উৎপাদিত Freeze-dried human rabies vaccines টি recall করেছে এবং প্রতিষ্ঠানটির সকল প্রকার Vaccine উৎপাদন বন্ধ করেছে :

" China Food and Drug Administration (CFDA) ordered Changchun Changsheng Life Science to halt production on Sunday, after it found evidence that the company had "fabricated production records and product inspection records, arbitrarily changed process parameters and equipment" during its production of freeze-dried human rabies vaccines."

আপনাদের প্রতিষ্ঠান Rabivax injection উৎপাদনের জন্য Changchun Chnagsheng Life Sciences, China নামীয় প্রতিষ্ঠানটি হতে Ready to fill Bulk Rabies Vaccine আমদানি করে থাকে।

এমতাবস্থায়, আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক Changchun Changsheng Life Science, China নামীয় প্রতিষ্ঠানটি হতে আমদানিকৃত Ready to fill bulk Rabies vaccine হতে উৎপাদিত Rabivax injection বাজার থেকে প্রত্যাহার করে তার পরিমাণ এবং Changchun Changsheng Life Science, China নামীয় প্রতিষ্ঠানটি হতে আমদানিকৃত Ready to fill bulk Rabies vaccine এর মওজুদকৃত কাঁচামাল এর পরিমাণ উল্লেখপূর্বক আগামী ০৫ (পাঁচ) দিনের মধ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অবহিত করতে এতদ্বারা নির্দেশ প্রদান করা হল।

Rabivax injection রপ্তানি করা হয়ে থাকলে যে সকল দেশে রপ্তানি করা হয়েছে সে সকল দেশের নাম, ভ্যারিটের পরিমাণ ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অবহিত করার জন্য বলা হল। উল্লিখিত দেশসমূহ হতে Rabivax injection আগামী ১০ (দশ) দিনের মধ্যে প্রত্যাহারের ব্যবস্থা গ্রহণ এবং সে সকল দেশের National Regulatory Authority (NRA)কে অবহিত করে ঔষধ প্রশাসন অধিদপ্তরকে জানানোর জন্য বলা হল।

  
১৯/০৮/১৮

ডেপুটি ডিরেক্টর জেনারেল মোঃ মোতাসফিজুর রহমান

মহাপরিচালক

ঔষধ প্রশাসন অধিদপ্তর

ফোন: ১৮৮০৮০০

E-mail: [dgda.gov@gmail.com](mailto:dgda.gov@gmail.com)

# বিজ্ঞপ্তি

বিষয়: পপুলার ফার্মাসিউটিক্যালস্ লিঃ এর Rabivax Vaccine Recall প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পপুলার ফার্মাসিউটিক্যালস্ লিঃ Changchun Changsheng Life Sciences Ltd., China নামীয় প্রতিষ্ঠানটি থেকে Ready To Fill Bulk আমদানী করে যথাযথ প্রক্রিয়ায় Lyophilization Technology এর মাধ্যমে Rabivax Vaccine উৎপাদন করে বাজারজাত করে আসছে।

সম্প্রতি Changchun Changsheng Life Sciences Ltd., China কর্তৃক উৎপাদিত Finished Product এর ক্ষেত্রে তথ্য সংক্রান্ত গড়মিল ও অনিয়ম প্রমাণিত হওয়ার China Food and Drug Administration (CFDA) প্রতিষ্ঠানটির সকল Vaccine উৎপাদন ও বিপণন বন্ধ করেছে ও তাদের প্রস্তুতকৃত Finished Product দেশে ও বিদেশে Recall করার নির্দেশ প্রদান করেছে।

এরূপ পরিস্থিতিতে পপুলার ফার্মাসিউটিক্যালস্ লিঃ স্ব-প্রনোদিত হয়ে Directorate General of Drug Administration (DGDA) কে বিষয়টি অবহিত করে এবং Changchun Changsheng Life Sciences Ltd., China থেকে আমদানীকৃত Ready To Fill Bulk থেকে উৎপাদিত Rabivax Vaccine বাংলাদেশের বাজার থেকে সম্পূর্ণরূপে প্রত্যাহারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলকে উক্ত Rabivax Vaccine টি Prescription, বিক্রয় ও ব্যবহার করা থেকে বিরত থাকার অনুরোধ করছি।



**Popular Pharmaceuticals Ltd.**